

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৪১.০১.৫৯৯৪.০০০.১৬.০০১.২০.

তারিখ: ১৮.০৫.২০২২ খ্রীঃ

বিষয়: ২০২১/২০২২ অর্থ বছরের মে/২০২২ খ্রি: মাসের উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটির সভার সময় সূচী।

টংগিবাড়ী উপজেলা পরিষদের সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির মে/২০২২ মাসের সভা আগামী ২৩.০৫.২০২২ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকার সময় মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ এর সভাপতিত্বে উপজেলা সমাজসেবা অফিসারের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

কমিটির সম্মানিত সকল সদস্যগণকে সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(জসিম উদ্দিন)

উপজেলা সমাজসেবা অফিসার
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ ও
সদস্য সচিব
উপজেলা সমাজকল্যাণ কমিটি
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(তৈজ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৪। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৫। জনাব টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৬। অফিস কপি।

উপজেলা সমাজসেবা কার্যালয়
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

উপজেলা সমাজকল্যাণ কমিটির সভা

তারিখঃ ২৩/০৫/২০২২ খ্রিঃ

স্থানঃ উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

উপজেলা সমাজকল্যাণ কমিটির সভা ২৩/০৫/২০২২ খ্রিঃ বেলা ১১.০০ ঘটিকায় উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন নাসিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ। সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং কাজ শুরু করার অনুমতি প্রদান করেন। সভায় প্রারম্ভে স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব জসিম উদ্দিন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি।

তিনি টংগিবাড়ী সমাজসেবা অফিসের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের বিবরণ তুলে ধরেন।

সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণের আলোচনা ও পর্যালোচনার ভিত্তিতে নিম্নে বর্ণিত সিদ্ধান্তগুলি গৃহীত হয়ঃ

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|-----------|--|---|---|
| ১ | সভায় উপজেলা সমাজসেবা অফিসার বলে, ২০২১-২০২২ অর্থবছরের সামাজিক নিরাপত্তা বেটনীর আওতায় বয়স্ক ভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, বেদে ও অনগ্রসর ভাতা এবং শিক্ষা উপবৃত্তির ৩য় কিস্তির পেরোল প্রেরণ করা হয়েছে। ভাতাভোগীগণ তাদের মোবাইল নাম্বারে এ ভাতার অর্থ পাবেন। ভাতাভোগীগণ যাতে কোন ভাবেই নগদ একাউন্টের পিন নাম্বার কারো সাথে শেয়ার না করে সে ব্যাপারে অধিক প্রচার করে সকলকে সচেতন করার জন্য আলোচনা করা হয়। এছাড়া ২০২১-২২ অর্থ বছরের ২০২৯ বয়স্ক ভাতার বরাদ্দের প্রেক্ষিতে ভাতা প্রদানের কাজ চূড়ান্ত পর্যায়ে রয়েছে। | সভার আলোচনা শেষে সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন এবং নতুন বরাদ্দপ্রাপ্ত ভাতাভোগীদের ভাতা প্রদানের কার্যক্রম দ্রুত শেষ করার ব্যাপারে সিদ্ধান্ত প্রদান করেন। | উপজেলা সমাজসেবা কার্যালয়, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ। |

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ তিনি বর্ণিত কার্যক্রমে সকলকে আন্তরিকভাবে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। নাসিমা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ ও সভাপতি, সমাজকল্যাণ বিষয়ক কমিটি, উপজেলা সমাজসেবা অফিসের যাবতীয় কার্যক্রমে সার্বিক সহযোগিতা করবেন বলে সভাকে আশ্বস্ত করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরঃ

(নাসিমা আক্তার)

মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ

ও

সভাপতি


উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।

স্মারক নং-৪১.০১.৫৯৯৪.০০০.১৬.০০১.২০.

তারিখঃ ২০.০৫.২০২২ খ্রীঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হইল

- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
- ২। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মুন্সীগঞ্জ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।
- ৪। সকল সদস্য অত্র কমিটি।

স্বাক্ষরঃ 
(জসিম উদ্দিন)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য -সচিব
উপজেলা সমাজকল্যাণ বিষয়ক কমিটি
টংগিবাড়ী, মুন্সীগঞ্জ।